মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা ফোন : ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স : ০৮১-৭৬৪৩৮
website: www.comillaboard.gov.bd. E-mail: info@ comillaboard.gov.bd.

বিজ্ঞপ্তি নং- ১০৭ তারিখ: ২৭/০৭/২১

বিজ্ঞপ্তি

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত সকল নিম্নমাধ্যমিক,মাধ্যমিক ও মাধ্যমিকযুক্ত উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানকে জানানো যাচ্ছে, ২০২১ সালের ৮ম শ্রেণির শিক্ষার্থীদের অনলাইনে রেজিস্ট্রেশনের জন্য নির্দেশাবলি ,নির্ধারিত ফি ও সময়সূচি নিম্নরূপ:

১. নির্দেশনাবলি :

ক. অনলাইনে রেজিস্ট্রেশন করার জন্য বোর্ডের ওয়েব সাইট web: www.comillaboard.gov.bd এ প্রবেশ করে জেএসসি কর্নারে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন তথ্য এন্ট্রিতে ক্লিক করে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের EIIN,password এবং শিক্ষার্থীর সংখ্যা পূরণ করে Submit বাটনে ক্লিক করতে হবে। অত:পর payinfo তে ক্লিক করে sonali slip ও payslip প্রিন্ট করে শিক্ষার্থীর রেজি: ফি সোনালী সেবা সফ্‌টওয়ারের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে সোনালী ব্যাংকের যে কোন শাখায় সচিব,মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,কুমিল্লা এর অনুকূলে জমা দিতে হবে ও এর কপি বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে। (রেজিস্ট্রেশনের জন্য হিসাব নম্বর-১৩০২২০০০০০০১৩ নিশ্চিত হয়ে টাকা জমা দিতে হবে)

খ. **রেজিস্ট্রেশন বিষয়ক কোন হার্ডকপি বা পে-স্লিপ বোর্ডে জমা দিতে হবে না ।**

গ. জেএসসি/এসএসসি এর eff কার্যক্রমে ব্যবহৃত password ব্যবহারের মাধ্যমে উল্লেখিত রেজি: কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ঘ. **১. শিক্ষার্থী ও পিতা-মাতার নাম এবং জন্ম তারিখ শিক্ষার্থীর প্রাইমারি শিক্ষা সনদ (পিইসি) অনুযায়ী লিপিবদ্ধ করতে হবে।**

২. শিক্ষার্থী, পিতা ও মাতার নামের পূর্বে Mr. Mrs,Miss,Sree, Sreemoti,Advocate,Hazi Al-haz,Engr.,Late,Major,colonel , Brigadier,Dr.prof. ইত্যাদি ধরণের পদবি এবং নামের শেষে Ma, MCOM, MSC, BA, BCOM, BSC, BSS,BBS, FRCS, PHD, FCPS, FCA,Master ইত্যাদি ধরণের শিক্ষাগত যোগ্যতা সূচক শব্দ ব্যবহার করা যাবে না।

ঙ. কোন শিক্ষার্থীকে একবার রেজিস্ট্রেশন করানো হলে নির্ধারিত মেয়াদের মধ্যে পুনরায় রেজিস্ট্রেশন করানো যাবে না।

চ. শুধুমাত্র নিম্নমাধ্যমিক পর্যায়ের অন-অনুমোদিত বিদ্যালয়ের ৮ম শ্রেণির শিক্ষার্থীদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্য প্রতিষ্ঠানের মাধ্যমে বিধি মোতাবেক ফি প্রদান করে রেজিস্ট্রেশন করা যাবে।

ছ. **জেএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালা ১(খ) ধারা অনুযায়ী পরীক্ষা বছরের ১লা জানুয়ারি পরীক্ষার্থীর ন্যুনতম বয়স ১১ এবং ৩১ ডিসেম্বর সর্বোচ্চ ১৭ বছর।**

জ. Online ব্যতিত অন্য কোন উপায়ে রেজিস্ট্রেশন কার্যক্রম গ্রহণ করা হবে না।

ঝ. বিদ্যালয়ের অদক্ষতা ও অবহেলার কারণে কোন শিক্ষার্থী রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে এর সম্পূর্ণ দায়ভার বহন করতে হবে।

ঞ. এ কাজের জন্য বোর্ড থেকে টিএ/ডিএ প্রদান করা হবে না।

ট. বোর্ড সংশ্লিষ্ট কোন চিঠি ডাকযোগে প্রতিষ্ঠানে প্রেরণ করা হবে না। সকল আদেশ ,বিজ্ঞপ্তি ,তথ্য ইত্যাদি ওয়েবসাইটে দেয়া হচ্ছে। সংশ্লিষ্টদের নিয়মিত ওয়েবসাইট সার্চ করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে হবে।

ঠ. সংশ্লিষ্ট শিক্ষার্থীর ভর্তি নিশ্চিত হয়ে রেজিস্ট্রেশন করতে হবে। কোন শিক্ষার্থীর দ্বৈত রেজিস্ট্রেশন হলে তার রেজিস্ট্রেশন বাতিল হবে এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে এ দায় দায়িত্ব বহন করতে হবে।

ড. শিক্ষার্থীদের ছবির উপরে শিক্ষার্থীর শাখা ও ক্লাস রোল লিখতে হবে। যেমন- ক-০১, ক-০২.... খ-০১, খ-০২......

২. ৮ম শ্রেণির শিক্ষার্থীদের **Online** এ রেজিস্ট্রেশন খাতওয়ারি ফি এর হার নিম্নরূপ:

ক)	রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি)	৫০.০০
খ)	বয়স্কাউট ফি (গার্লস ইন স্কাউটসহ শিক্ষার্থী প্রতি) সহ-শিক্ষা বিশিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে ছাত্র-ছাত্রীর সংখ্যা আলাদাভাবে উল্লেখ করতে হবে) জেলা ও উপজেলা স্কাউট অফিসে খাতওয়ারী স্কাউট ফি পরিশোধ করে রশিদ সংরক্ষণ করতে হবে।	১৫.০০
গ)	গার্ল গাইডস ফি (শিক্ষার্থী প্রতি)	১৫.০০
ঘ)	বিজ্ঞান ও প্রযুক্তি উন্নয়ন ফি (শিক্ষার্থী প্রতি)	৫.০০
ঙ)	জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি (বিদ্যালয় প্রতি)	৩০০.০০
চ)	অন্ধ কল্যাণ ফি (শিক্ষার্থী প্রতি)	৫.০০
ছ)	রেড ক্রিসেন্ট (৬ষ্ঠ-৮ম শ্রেণির সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য শিক্ষার্থী প্রতি ২০+২০+২০ =৬০/- টাকা হারে আদায় করে ৩৬.০০ টাকা রেড ক্রিসেন্ট কার্যক্রমের জন্য রেখে অবশিষ্ট ২৪.০০ টাকা প্রদেয়)	২৪.০০
জ)	বিলম্ব ফি(শিক্ষার্থী প্রতি)	৫০.০০
ঝ)	বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	২০০.০০

অপর পাতায় দ্রষ্টব্য :

** **সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ৮ম শ্রেণীতে অধ্যয়নরত (২০২১ সনে জেএসসি পরীক্ষার্থী) শিক্ষার্থীদের জনপ্রতি রেজিস্ট্রেশন খাতওয়ারী ফি এর হার নিম্নরূপ:**

ক) রেজিস্ট্রেশন ফি (শিক্ষার্থী প্রতি) ৫০.০০
খ) রেড ক্রিসেন্ট ফি (৬ষ্ঠ-৮ম শ্রেণির সকল শিক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য শিক্ষার্থী প্রতি ২০+২০+২০ =৬০/- টাকা হারে আদায় করে ৩৬.০০ টাকা রেড ক্রিসেন্ট কার্যক্রমের জন্য রেখে অবশিষ্ট ২৪.০০ টাকা প্রদেয়) ২৪.০০
গ) বিলম্ব ফি (শিক্ষার্থী প্রতি) ৫০.০০
ঘ) বিশেষ বিবেচনায় রেজিস্ট্রেশন ফি (প্রযোজ্য ক্ষেত্রে) ২০০.০০

৩. **৮ম শ্রেণির রেজিস্ট্রেশন করার সময়সূচি:**

ক	বিলম্ব ফি ব্যতিত সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়ার তারিখ: ২৮/০৩/২০২১ খ্রি: হতে ১৩/০৪/২০২১ খ্রি: পর্যন্ত
খ	বিলম্ব ফি ব্যতিত eSIF পূরণের তারিখ: ৩১/০৩/২০২১ খ্রি: হতে ২৯/০৪/২০২১ খ্রি: পর্যন্ত
গ	বিলম্ব ফি সহ সোনালী ব্যাংকের সোনালী সেবার মাধ্যমে ফি জমা দেয়ার তারিখ: ০২/০৫/২০২১ খ্রি: হতে ০৯/০৫/২০২১ খ্রি: পর্যন্ত
ঘ	বিলম্ব ফিসহ eSIF পূরণের তারিখ: ০৫/০৫/২০২১ খ্রি: হতে ২০/০৫/২০২১ খ্রি: পর্যন্ত
ঙ	অনলাইনে প্রেরিত তথ্যের ভুলভ্রান্তি সংশোধনের তারিখ: ২১/০৫/২০২১ খ্রি: হতে ২৭/০৫/২০২১ খ্রি:

বি: দ্র: সরকারি স্বাস্থ্য বিধি যথাযথ অনুসরণপূর্বক রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্নের জন্য প্রতিষ্ঠান প্রধানদের বিশেষভাবে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-
(প্রফেসর মোঃ আজহারুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা

স্মারক নং-রেজি:/মাধ্য ও জেএসসি/ ১৬৮ (২২০০) তারিখ: ২৬/০৩/২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর
২. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
৩. এ বোর্ডের সকল কর্মকর্তা
৪. এ বোর্ডের উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা)
৫. এ বোর্ডের সিনিয়র সিস্টেম এনালিস্ট
৬. জেলা শিক্ষা কর্মকর্তা, কুমিল্লা/ব্রাহ্মণবাড়িয়া/চাঁদপুর/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর
৭. এ বোর্ডের আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
৮. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, বিআইএসই, বিল্ডিং শাখা, কুমিল্লা
৯. এ বোর্ডের সকল সেকশন অফিসার ও সমপর্যায়ের কর্মচারীবৃন্দ এবং অনুসন্ধান শাখা
১০. পিএ টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)
১১. সংশ্লিষ্ট নথি

২৬/০৩/২০২১

(প্রফেসর মোঃ আজহারুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
কুমিল্লা